

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫



স্মারক নং-৪২.৬২.০০০০.৯৬৬.০০.০২২.১৮.৫১৩

তারিখঃ ৩০/১২/২০২০খ্রিঃ

বিষয়ঃ ঋণের সমুদয় অর্থ মেয়াদান্তে এককালীন পরিশোধকারী সমিতিসমূহের সাথে আর্থিক কার্যক্রম বন্ধকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ঋণ গ্রহনপূর্বক তা সাপ্তাহিক ভিত্তিতে পরিশোধ করার বিধান থাকলেও কিছু সংখ্যক সমিতির সকল সদস্যই ঋণের অর্থ কিস্তিতে পরিশোধ না করে সমুদয় অর্থ সুদসহ মেয়াদান্তে এককালীন পরিশোধ করেন। এক্ষেত্রে বেশিরভাগ সুফলভোগী সদস্য অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান হতে ধার করে ঋণের অর্থ পরিশোধপূর্বক পুনরায় কর্মসূচি হতে ঋণ গ্রহন করেন মর্মে প্রতিয়মান হচ্ছে। গৃহিত ঋণের অর্থ উৎপাদনশীল খাতে বিনিয়োগ না করে ধার শোধ করায় একদিকে যেমন কর্মসূচির উদ্দেশ্য ব্যহত হচ্ছে, অপরদিকে সুফলভোগী সদস্য ঋণের চক্রে আবর্তিত হয়। এমতাবস্থায়, যে সকল সদস্য গৃহিত ঋণ নিয়মিত কিস্তিতে পরিশোধ না করে শতভাগ অর্থ এককালীন পরিশোধ করেন, সে সকল সদস্যের ক্ষেত্রে পরবর্তী দফায় সিলিং বৃদ্ধি করা যাবে না অর্থাৎ পূর্ববর্তী দফার সমপরিমান ঋণ প্রাপ্য হবেন এবং যে সকল সমিতি গৃহিত ঋণ নিয়মিত কিস্তিতে পরিশোধ না করে শতভাগ অর্থ এককালীন পরিশোধ করেন, সে সকল সমিতির ক্ষেত্রে সম্পূর্ণ অর্থ আদায়পূর্বক ঐ সমিতিতে পুনরায় ঋণ বিতরণ না করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। প্রয়োজনে সুফলভোগী সদস্যদের জমাকৃত সঞ্চয়ের অর্থ ফেরৎ প্রদান করে সমিতি বাতিলের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

মোহাম্মদ রাশেদুল আলিম
কর্মসূচি পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি, উপজেলাঃ----- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----- (কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৬. পরিচালক(প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি /গার্ড ফাইল।